

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৩২

আগরতলা, ১০ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

রাজ্যের ৫৭টি বিদ্যালয়কে পিএমশ্রী প্রকল্পে অনুমোদন : মুখ্যমন্ত্রী

কেন্দ্রীয় সরকার রাজ্যের ৫৭টি বিদ্যালয়কে পিএমশ্রী প্রকল্পের জন্য প্রথম ধাপে অনুমোদন দিয়েছে। ২০২৩-২৪ অর্থবর্ষে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রনালয়ের প্রজেক্ট এপ্রুভাল বোর্ড দ্বারা ২৬২৩.৭৭ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক শৈলেন্দ্র চন্দ্র নাথের এক প্রশ্নের লিখিত উত্তরে শিক্ষা তথা মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, দ্বিতীয় ধাপে ৪৮টি বিদ্যালয়কে পিএমশ্রী স্কুলের আওতায় আনার জন্য রাজ্যস্তরে বাছাই করা হয়েছে এবং জাতীয়স্তরে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে।
